

# শিক্ষাপঞ্জি এলোমেলো

টানা অবরোধ-হরতালে শিক্ষা ব্যাহত  
ক্লাস না হলেও পরীক্ষা হচ্ছে



হরতালের কারণে এসএসসি পরীক্ষা  
পিছিয়ে নেওয়া হচ্ছে শুক্র ও  
শনিবার। লিখিত পরীক্ষা শেষ  
হওয়ার কথা ছিল ১০ মার্চ।

বর্তমানে প্রাথমিক থেকে  
বিশ্ববিদ্যালয় পর্যন্ত প্রায়

**৪ কোটি ৭৪ লাখ**

শিক্ষার্থীও হরতাল অবরোধের  
কারণে ক্ষতিগ্রস্ত হচ্ছে

মোশতাক আহমেদ

শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষা কার্যক্রম শুরু ও শেষ হয়  
শিক্ষাপঞ্জি (একাডেমিক ক্যালেন্ডার) অনুযায়ী। কিন্তু  
বিএনপিসহ ২০-দলীয় জোটের টানা হরতাল-অবরোধে  
শিক্ষাপঞ্জি এলোমেলো হয়ে গেছে। ক্লাস না হওয়ায়  
সিলেবাস শেষ হচ্ছে না। পরীক্ষার সময়সূচিও এখন  
ওলট-পালট।

চলতি এসএসসির প্রায় ১৫ লাখ পরীক্ষার্থী জানেন না,  
তাদের পরীক্ষা কবে শেষ হবে। একই কারণে ১ এপ্রিল  
শুরু হওয়া এইচএসসি পরীক্ষাও অনিশ্চয়তার মুখে  
পড়ছে। আবার ক্লাস না হলেও স্কুলগুলোতে নিয়মিত  
পরীক্ষা ঠিকই নেওয়া হচ্ছে। শিক্ষার্থীরা শিখল কি শিখল  
না, সেটা দেখার সুযোগ থাকছে না। এভাবে পরীক্ষা  
নেওয়ায় শিক্ষার্থীদের ওপর চাপও পড়ছে।

শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষা প্রশাসনের  
কর্মকর্তারা রাজনৈতিক দলগুলোকে আরও দায়িত্বশীল  
হওয়ার অনুরোধ জানিয়েছেন। গত রবি ও সোমবার  
রাজধানীর ছয়টি স্কুল ও কলেজে গিয়ে হতাশার চিত্র  
পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)  
হরতাল-অবরোধে ক্লাস-পরীক্ষা নিতে বললেও বেশ কিছু  
বিশ্ববিদ্যালয়ে খোঁজ নিয়ে জানা গেছে, পুরোদমে ক্লাস-  
পরীক্ষা হচ্ছে না। ফলে এসব বিশ্ববিদ্যালয়ে নতুন করে  
সেশনজট সৃষ্টি হবে।

তবে গতকাল হরতাল শিথিল করায় এই সুযোগ কাজে  
লাগিয়ে উইলস লিটল ফ্লাওয়ার স্কুল, ডিকারন নিসা নুন  
স্কুল অ্যাড কলেজ, সেন্ট যোসেফ স্কুলসহ অনেক স্কুল-  
কলেজ ক্লাস নিয়েছে। কিন্তু রাতে খুদে বার্তা পাঠিয়ে  
সকালেই ক্লাস হওয়ায় শিক্ষার্থীদের উপস্থিতি ছিল কম।

জানাতে চাইলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রথম  
আলোকে বলেন, কৌশল করে শুক্র ও শনিবার এসএসসি  
পরীক্ষা নেওয়া হলেও সার্বিকভাবে শিক্ষায় বড় ধরনের

এরপর পৃষ্ঠা ৪ কলাম ২